দৈনিক জনকণ্ঠ

তারিখ 15 JAN 1996
পৃষ্ঠা ১ কলাম ৩

### এইচএসসি পরীক্ষার্থীদের আন্দোলনের উৎস কোথায়

# টেস্ট পরীক্ষা বর্জন ॥ সড়ক অবরোধ ॥ ৩১ রুটে যোগাযোগ বিচ্ছিন্ন ॥ গাজীপুরে আজ হরতাল

শরিফুজ্জামান পিন্টু

এ ইচএসসি পরীক্ষার আর মাত্র চার মাস বাকি। পরীক্ষার্থীদের থাকার কথা পড়ার টেবিলে। কিন্তু কেন তারা রাজপথে? শিক্ষা মন্ত্রণালয়ের কঠোর সিদ্ধান্ত গ্রহণ ও বারবার হুঁশিয়ারি উচ্চারণের পরও তারা আন্দোলনের উৎসাহ পাচ্ছে কোথায়? শনিবার শিক্ষা মন্ত্রণালয়ের জরুরী সভায় অভিন্ন প্রশ্নপত্রের সিদ্ধান্ত বহাল রাখার দৃঢ় সিদ্ধান্ত গ্রহণের পরও রবিবার গাজীপুর ভাওয়াল বদরে আলম সরকারী কলেজের ছাত্রছাত্রীরা টেস্ট পরীক্ষা বর্জন করেছে। এক ঘণ্টা বিচ্ছিন্ন করে রেখেছে ঢাকার সাথে উত্তরাঞ্চলের ৩১টি রুটের যোগাযোগ। আজ সোমবার গাজীপুরে তারা অর্ধদিবস হরতালের ডাক দিয়েছে। জাতীয়

(শেষ পৃষ্ঠা ৫ কঃ দেখুন)

## টেস্ট পরীক্ষা

(প্রথম পাতার পর)

প্রেসক্লাবের সামনেও অনুষ্ঠিত হয়েছে বিক্ষোভ-সমাবেশ।

কলেজ টেস্ট পরীক্ষা বর্জন করে ও পড়াশোনাবিমুখ হয়ে বিভিন্ন ধ্বংসাত্মক কর্মসূচী গ্রহণ করায় শিক্ষকদের একাংশ ও অভিভাবকদের উদ্বেগ বেড়েই চলেছে। গত সেপ্টেম্বরে শিক্ষামন্ত্রণালয় অভিন্ন প্রশ্নপত্রের সিদ্ধান্ত গ্রহণের পর থেকে সারাদেশে সৃষ্টি হয়েছে নৈরাজ্যজনক ও বিশৃঙ্খল অবস্থা। জানা যায়, একটি অশুভ চক্রের প্রেসক্রিপশনে কিছু ছাত্র বিভ্রান্ত হয়ে এ ধরনের কাজ করছে।

অভিন্ন প্রশ্নপত্র সম্পর্কে একাধিক অভিজ্ঞ শিক্ষকদের সাথে যোগাযোগ করলে তাঁরা বলেন, প্রথম বছর ছাত্রদের কিছুটা সমস্যা হবার কথা। কিন্তু আন্দোলন করতে গিয়ে তারা যে সময় নষ্ট করছে তা যদি পড়ার টেবিলে ব্যয় করত তাহলে কোন সমস্যা হতো না।

এদিকে শিক্ষা মন্ত্রণালয় সূত্রে জানা যায়, কিছু স্বার্থান্বেষী শিক্ষক ও ব্যবসায়ী এ কাজে ছাত্রদের উস্কানি দিচ্ছে বলে মন্ত্রণালয় রিপোর্ট পেয়েছে। প্রমাণসাপেক্ষে ঐসব শিক্ষকের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হবে। কলেজ টেস্ট বর্জনকারী ছাত্রদের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ না দেয়ার জন্য শিক্ষা মন্ত্রণালয় সংশ্লিষ্ট কলেজকে নির্দেশ দিতে পারে বলে জানা গেছে।

এদিকে গতকালও রাজধানীসহ সারা দেশে ছাত্ররা অভিন্ন প্রশ্নপত্রের সিদ্ধান্ত বাতিলের দাবিতে বিভিন্ন কর্মসূচী পালন করে। গাজীপুর থেকে নিজস্ব সংবাদদাতা জানান, এখানে জয়দেবপুর চৌরাস্তায় ছাত্ররা অবরোধ করলে একঘণ্টা ঢাকার সাথে উত্তরাঞ্চলের ৩১টি রুটের যোগাযোগ বন্ধ থাকে। ভাওয়াল বদরে আলম কলেজের ছাত্রছাত্রীরা কলেজ টেস্ট পরীক্ষা না দিয়ে এ কর্মসূচী পালন করে। আজ সোমবার তারা গাজীপুরে অর্ধদিবস হরতাল আহ্বান করেছে।

এদিকে রাজধানীর বিভিন্ন কলেজের একদল ছাত্র রাজধানীতে মিছিল বের করে। জাতীয় প্রেসক্লাবের সামনে সমাবেশ অনুষ্ঠিত হয়।